

পত্র নং ১০৩
তারিখ ..... ১০ মে ২০১৬  
স্থান ..... ঢাক্কা  
স্বাক্ষর

নির্বাচন কমিশন  
বাংলাদেশ  
নির্বাচন কমিশন সচিবালয়  
শেরে বাংলা নগর, ঢাকা

নং ১৭.০০.০০০০.০২৬.৩২.০২৬.১৬-৩৬৫

০২ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ  
তারিখ: ..... ১৬ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

পরিপত্র-২

বিষয়ঃ ভোটার তালিকা হালনাগাদ ২০১৬ কার্যক্রমে স্থানীয় জনপ্রতিনিধিদের অংশগ্রহণ।

অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের অন্যতম শর্ত হল একজন সঠিক ভোটারকে সনাক্তকরণের মাধ্যমে রেজিস্ট্রেশন পূর্বক যথাযথভাবে ভোটার তালিকা প্রণয়ন করা। বিভিন্ন কারণে যারা এখনো নিরাকৃত হন নাই কিন্তু জন্ম তারিখ ০১/০১/১৯৯৯ বা তার পূর্বে তাদের নতুন নিবন্ধন এর লক্ষ্যে নির্বাচন কমিশন ছবিসহ ভোটার তালিকা হালনাগাদের সিদ্ধান্ত প্রণয় করেছে। উক্ত কার্যক্রম আগামী ২৫নভেম্বর ২০১৬ তারিখ হতে শুরু হয়ে ১৫ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত চলবে। উল্লেখ্য যে, যদের জন্ম তারিখ ০১/০১/১৯৯৯ বা তার পূর্বে তাদের তথ্য ২০১৫ সালে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমের সময় সংগৃহীত হয়েছে। উক্ত তথ্যসংগ্রহকালে ০১/০১/১৯৯৯ বা তার পূর্বে জন্মাইয়ে জন্ম পড়েছে শুধু মাত্র তাদের জন্ম এই কর্মসূচি। সে কারণে এবার বাড়ি বাড়ি গিয়ে তথ্যসংগ্রহ করা হবে না। সংশ্লিষ্ট বাদপড়া ব্যক্তিগত উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তার কার্যালয় অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা কার্যালয়ের সচিবের দণ্ডের রক্ষিত তথ্য ফরম (ফরম-২) সংগ্রহ করে জন্ম নিবন্ধন সনদ, এস এস সি/সময়ানের সনদপত্র(প্রযোজ্য ক্ষেত্রে) প্রয়োজনীয় অন্যান্য ঘাগজাদিসহ সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তার কার্যালয়ে জমাদান করত উক্ত কার্যালয়ে নিবন্ধন সম্পন্ন করবেন। এই কার্যক্রম চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করা হবে না। ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠু, সুন্দর, নির্ভুল ও সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে বিভিন্ন পর্যায়ে নিয়ন্ত্রণ সমন্বয় করিব গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। গত ভোটার তালিকা হালনাগাদে মহিলা ভোটার কম হওয়ার বিষয়ে যেসব কারণ লক্ষ করা গেছে তার মধ্যে (১) নির্ধারিত ফি পরিশোধ করে জন্ম নিবন্ধন সনদ সংগ্রহে অনীহা; (২) হিন্দু অবিবাহিত মেয়েদের পিত্রালয়ে নিবন্ধন করতে অনীহা; (৩) অবিবাহিত নিরক্ষর মেয়েদের ভোটার হওয়ার ক্ষেত্রে আগ্রহ কম; (৪) বাবা-মা'র জাতীয় পরিচয়পত্র দাখিল করতে না পারা; (৫) রেজিস্ট্রেশন কেন্দ্র দূরবর্তী হওয়া; (৬) আবহাওয়া অনুকূল না থাকা; (৭) প্রত্যান্ত অঞ্চলের মহিলারা অসচেতন হওয়া অন্যতম। ভোটার তালিকায় মহিলা অস্তর্ভুক্তির হার যেন উল্লেখযোগ্যভাবে কম না হয় সে লক্ষ্যে হালনাগাদ কার্যক্রমের সময় সংশ্লিষ্ট এলাকার ইউনিয়ন পরিষদ সদস্য, দফাদার ও গ্রাম পুলিশকে সম্পৃক্ত করা যেতে পারে।

৩। ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে মহিলাদের রেজিস্ট্রেশনের বিষয়টি নিশ্চিত করার জন্ম স্থানীয় জনপ্রতিনিধিগণের বিশেষ করে মহিলা জনপ্রতিনিধিগণের (উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, সিটি/পৌর এলাকার সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের সদস্যসহ সাধারণ আসনের বিপরীতে নির্বাচিত মহিলা জনপ্রতিনিধি) সহযোগিতা একান্ত প্রয়োজন। সিটি কর্পোরেশন, উপজেলা পর্যায়ের সমন্বয় করিবিতে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করে সমন্বয় করিব গঠন করে হয়েছে। জনগুরুত্বপূর্ণ এ কাজে মহিলাদের স্বতন্ত্রত্ব অংশগ্রহণ নিশ্চিত করে সংশ্লিষ্ট জনগোষ্ঠী নির্বিধায় উক্ত করিবিতে দায়িত্ব পালনের পাশাপাশি অন্যান্য ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা প্রয়োজন। বিশেষ করে তাঁরা প্রচারের কাজে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন।

৪। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম প্রহণের জন্ম নির্দেশক্রমে অনুরোধ করা হল।

—শেকের অ্যাপ্ট  
 ৩৬-১১-১৬  
 (রেখণ আরা বেগম)  
 সহকারী সচিব(নিঃসং-২)  
 ফোনঃ ৯১৮০৭৪৭

প্রাপক :

- ১। উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান.....(সকল)
- ২। সিটি/পৌর এলাকার সংরক্ষিত আসনের কাউন্সিলর, .....(সকল)
- ৩। ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের সদস্য,.....(সকল)